

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের আনন্দের সঙ্গী হলেন বিদ্যা সিনহা মিম

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের উদ্যাপনের সঙ্গী হন বিদ্যা সিনহা সাহা মিম ছবি: সংগৃহীত

সম্প্রতি রাজধানীর খিলক্ষেতের বড়ুয়া বাগানবাড়ি 'মেট্রোপলেক্স' হয়ে উঠেছিল বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অনন্য ক্ষমতার উদ্যাপনের কেন্দ্রবিন্দু। এ উদ্যাপনে সঙ্গ দিয়েছেন অভিনয়শিল্পী বিদ্যা সিনহা সাহা মিম।

বাংলাদেশের শীর্ষস্থানীয় ওয়ান-স্টপ প্রারম্ভিক শিশু হস্তক্ষেপ কেন্দ্র ইনক্রেডিবল বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অনন্য ক্ষমতার উদ্যাপন এবং সমর্থন করার জন্য 'ইনক্রেডিবল কিডস ডে আউট ২০২৩' নামে এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানের প্রাথমিক কেন্দ্রবিন্দু ছিল সামাজিক অন্তর্ভুক্তির প্রচার করা এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের মধ্যে পারস্পরিক অংশগ্রহণ। খেলার মাধ্যমে সামাজিক দক্ষতার বিকাশ ঘটানো, সব অংশগ্রহণকারীর মধ্যে সামাজিক সচেতনতা বৃদ্ধি করা এবং সন্তানের বিকাশের যাত্রায় মা-বাবার জড়িত থাকার গুরুত্বের ওপর জোর দেওয়া হয় এতে।

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সঙ্গে সময় কাটিয়ে আনন্দ প্রকাশ করেন বিদ্যা সিনহা মিম। তিনি আয়োজক প্রতিষ্ঠান ইনক্রেডিবলকে ধন্যবাদ জানান। বিদ্যা সিনহা মিম বলেন, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রতি ইতিবাচক মনোভাব উন্নীত করা একটি সামাজিক দায়িত্ব।

ইনক্রেডিবলের চেয়ারম্যান মো. তৌকির আহমেদ বলেন, অল্পবয়সী শিশু এবং তাদের পরিবারের ক্ষমতায়নে প্রয়োজনীয় চিকিৎসাসেবা এবং ব্যক্তিগত সেবাদানে বিশ্বাস করে ইনক্রেডিবল।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো